

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
জাতীয় মহিলা সংস্থা

“শেখ হাসিনার সহায়তায়  
তথ্য আপা পথ দেখায়”

তথ্যআপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প(২য় পর্যায়)  
তথ্যকেন্দ্র, ডিমলা, নীলফামারী

[www.totthoapa.dimla.nilphamari.gov.bd](http://www.totthoapa.dimla.nilphamari.gov.bd)

স্মারক নং- তথ্যআপা.প্র.ডি.নীল.২৩-২৭

তারিখ: ২৮ জানুয়ারি ২০২৪  
১৪ মাঘ ১৪৩০

বিষয়: তথ্যআপা প্রকল্পের (২য় পর্যায়) উদ্যোক্তাদের নিয়ে ০১টি বিশেষ উঠান বৈঠক আয়োজন প্রসঙ্গে।

সূত্র: প্রধান কার্যালয়ের সূত্র স্মারক নং-৩২.০২.০০০০.২০৫.৯৪.১৯-৭৪২৮

তারিখ:- ১৮ জানুয়ারি ২০২৪খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ধীন জাতীয় মহিলা সংস্থা কর্তৃক পরিচালিত “তথ্যআপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়)” এর আওতায় নীলফামারী জেলার ডিমলা তথ্যকেন্দ্রের তথ্যআপাদের মাধ্যমে উঠান বৈঠকে গ্রামীণ, দরিদ্র ও সুবিধা বঞ্চিত নারীদের ক্ষমতায়ন, নিজেদের মান উন্নয়ন ও বিভিন্নভাবে সচেতন করার লক্ষ্যে এবং তথ্য ও পরামর্শমূলক সেবা প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। তথ্যআপা প্রকল্প (২য় পর্যায়) এবং বাংলাদেশ ফরেন ট্রেড ইনস্টিটিউট (বিএফটিআই) এর যৌথ উদ্যোগে গড়ে তোলা “লালসবুজ ডটকম” ([www.laalsobuj.com](http://www.laalsobuj.com)) ই-কমার্স মার্কেটপ্লেস সফলভাবে পরিচালনার লক্ষ্যে উদ্যোক্তাদের জন্য বিশেষ উঠান বৈঠকের আয়োজন করা হয়েছে। ডিমলা উপজেলা পরিষদ হলরুমে আগামী ০৭ ফেব্রুয়ারি ২০২৪ইং সকাল ১০.৩০ ঘটিকায় প্রধান কার্যালয়ের নির্ধারিত প্রশিক্ষক জনাব আনিসুর রহমান স্বশরীরে উপস্থিত থেকে উদ্যোক্তাদের প্রয়োজনীয় ধারণা ও নানাদিক সম্পর্কে অবহিতকরণ করবেন।

অতএব, গ্রামীণ নারীদের অর্থনৈতিক ক্ষমতায়নের উদ্দেশ্যে প্রস্তুতকৃত লালসবুজ ডট কম ([www.laalsobuj.com](http://www.laalsobuj.com)) মার্কেটপ্লেসের সফল বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিতব্য এ বিশেষ উঠান বৈঠকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিনীতভাবে অনুরোধ করছি।

প্রাপক,

.....উদ্যোক্তা (সকল)  
ডিমলা, নীলফামারী।

(মোছা: নূরে জান্নাত তহমিনা)

তথ্যসেবা সহকারী/ তথ্যসেবা কর্মকর্তা (অঃ দাঃ)

তথ্যআপা: প্রকল্প (২য় পর্যায়)

তথ্যকেন্দ্র, ডিমলা, নীলফামারী

মোবাইল: ০১৩১৩৭-০৪৩৯৬

ইমেইল: [tsk.dimla@totthoapa.gov.bd](mailto:tsk.dimla@totthoapa.gov.bd)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:-

১. প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), তথ্যআপা: প্রকল্প (২য় পর্যায়), জাতীয় মহিলা সংস্থা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ ডিমলা, নীলফামারী।
৩. উপজেলা নির্বাহী অফিসার, ডিমলা, নীলফামারী।
৪. অফিস কপি।